## ইউরিয়া মোলাসেস স্ট্র ( UMS): গরু মোটাতাজা করার জন্য একটি পার্শ্বপ্রতিক্রিয়ামুক্ত এবং লাভজনক প্রযুক্তি

**#ইউরিয়া মোলাসেস** স্ট্র (UMS): গরু মোটাতাজা করার জন্য একটি পার্শ্বপ্রতিক্রিয়ামুক্ত এবং লাভজনক পদ্ধতি। এই পদ্ধতিটি আবিষ্কার করে বিএলআরআই ১৯৯২ সনে। একটি নির্দিষ্ট মাত্রায় **খড় – চিটাগুড় -ইউরিয়া (৮২:১৫:৩)** দিলে বেশ ভালো ফলাফল পাওয়া যায়। এটি বিএলআরআই কতৃক গ্রহনযোগ্য।

**বানানোর পদ্ধতিঃ** কি করে বানাবেন UMS বা ইউরিয়া মোলাসেস স্ট্র: শুকনো খড়কে ছোট ছোট করে কেটে মেঝেতে বিছিয়ে দিন। এরপর ইউরিয়া এবং মোলাসেস বা চিটাগুড় একসাথে মিশ্রিত পানি খড়ের উপর ছিটিয়ে দিন, সাথে সাথে খড়কে উল্টিয়ে পাল্টিয়ে দিতে হবে যেন দ্রবন শুষে নেয়। এভাবে স্তরে স্তরে খড় সাজাতে হবে এবং সমপরিমান ইউরিয়া মোলাসেস মিশ্রিত পানি ছিটিয়ে দিতে হবে। মনে রাখতে হবে এই খড় কোনভাবেই ৩ দিনের বেশী রাখা যাবেনা এবং প্রথমেই বেশী পরিমান UMS দিলে গরুর অনেক বড় ক্ষতি হয়ে যেতে পারে। ১২ মাস বয়সের উপরের গরুকে এই UMS দিতে হবে। বিভিন্ন উপাদানের আনুপাতিক হার: ১) খড়: ১০ কেজি, পানি: ৫ লিটার, চিটাগুড় ২.৫০ কেজি, ইউরিয়া ০.৩০ কেজি (৩০০ গ্রাম)। ২) খড় ৫০ কেজি, পানি ২৫-৩৫ লিটার, চিটাগুড় ১২.৫ কেজি, ইউরিয়া ১.৫০ কেজি।

**#সাবধানতা:** এই নির্দিষ্ট মাত্রায় **খড় – চিটাগুড় - ইউরিয়া (৮২:১৫:৩)** পরিমান যদি কম বেশী হয় তাহলে কোনভাবেই কাক্ষিত ফল পাওয়া যাবেনা এবং ঝুকিপুর্ন অনেক। তাই খুব জেনে বুঝে ভেবে চিন্তে ধীরে ধীরে কাজ করতে হবে। এই অনুপাত সঠিকভাবে ব্যবহার করা খুবই গুরুত্তপুর্ন। বিএলআরআই এর এক গবেষনায় দেখা গেছে, ৩০০ কেজি ওজনের বাড়ন্ত ষাড়কে পর্যাপ্ত ইউএমএস এবং পাশাপাশি দৈহিক ওজনের ১.০ ভাগ দানাদার খাবার দিয়ে দৈনিক ৭০০ গ্রাম থেকে ৯০০ গ্রাম পর্যন্ত ওজন বৃদ্ধি পায়। একই ভাবে দুধের গাভীর ক্ষেত্রেও দৈনিক ১.৫০ কেজি দানাদার খাবার আগের থেকে কম দিয়েও ১.০০ লিটার দুধ বেশী পাওয়া গেছে। এই প্রযুক্তিটি পার্শ্বপ্রতিক্রিয়ামুক্ত এবং লাভজনক।